ত্রিপুরা সরকার
মাইকেল মধুসূদন দত্ত মহাবিদ্যালয়
সাব্রুম, দক্ষিণ ত্রিপুরা

# লাইব্রেরী সংক্রান্ত নিয়মাবলী

- প্রথম বর্ষে ভর্তি হবার পর এক কপি পাসপোর্ট সাইজ ছবি সহ ফি কার্ড জমা দিয়ে লাইব্রেরী কার্ড সংগ্রহ করতে হবে।
- দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীদের ভর্তি হবার এক মাসের মধ্যে পুরনো লাইব্রেরী কার্ড রিনিউ করে নিতে হবে।
- অনার্স কোর্সের ছাত্রছাত্রীদের একসঙ্গে তিনটি বই এবং পাস কোর্সের ছাত্রছাত্রীদের একসঙ্গে দুটি বই দেওয়া হবে।
- একটি বই সর্বোচ্চ ১৪ দিন একটানা রাখা যাবে।
- ১৪ দিন পর একটি বই রিনিউ করতে হবে; না করলে নিয়ম মাফিক জরিমানা দিতে হবে।
- বেলা ১১ থেকে ১টা পর্যন্ত এবং বেলা ২টা থেকে ৩.৩০ মিনিট পর্যন্ত বই দেওয়া ও ফেরৎ নেওয়া হবে।
- বই নেওয়ার জন্য ডিমান্ড স্লিপ জমা দিতে হবে বেলা ১০.৩০ থেকে ১১.৩০ পর্যন্ত।
- স্লিপের এক পৃষ্ঠায় বই ও লেখকের নাম এবং অন্য পৃষ্ঠায় ছাত্র/ছাত্রীর নাম, রোল নং ও সেমিস্টার লিখে জমা দিতে হবে।
- ছেঁড়া বই জমা নেওয়া হবে না।
- প্রতি সেমিস্টারের ফাইনাল পরীক্ষার ফর্ম পূরণের আগে অবশ্যই লাইব্রেরীর বই জমা দিয়ে লাইব্রেরী ক্লিয়ারেন্স নিতে হবে, নয়তো পরীক্ষার ফর্ম পূরণ করা যাবে না।
- প্রতি শনিবার বই দেওয়া ও ফেরৎ নেওয়া বন্ধ থাকবে।
- প্রতি মাসের প্রথম ও তৃতীয় শনিবার রিডিং রুমে বসে পুরনো প্রশ্ন লিখে নেওয়া যাবে।
- লাইব্রেরীতে ইন্টারনেট পরিষেবার মাধ্যমে পড়াশোনা করার জন্য দুইটি কম্পিউটার রয়েছে। প্রতি ছাত্র বা ছাত্রী কে একদিন একবার সর্বোচ্চ ৩০ মিনিট ব্যবহার করতে দেওয়া হবে।
- কম্পিউটারের মাধ্যমে পড়ার সুযোগ নেওয়ার জন্য নির্দিষ্ট দিনের একদিন আগে ডিমান্ড স্লিপে নাম, রোল নং ও সেমিস্টার লিখে জমা দিতে হবে।
- এই সুযোগ – 'আগে এলে আগে পাওয়া যাবে' – পদ্ধতিতে দেওয়া হবে।

আদেশানুসারে
কর্তৃপক্ষ

**"লাইব্রেরীর সার্থকতা হাসপাতালের চেয়ে কম নয়। দেহের সুস্থতার জন্য হাসপাতালের প্রয়োজন আর মনের সুস্থতার জন্য দরকার লাইব্রেরী।" – প্রমথ চৌধুরী**

**নিরবতা বজায় রাখুন**